# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইন আবেদন পোর্টালের ব্যবহার নির্দেশিকা (User Guide)

**প্রস্তুতিতে**

**কম্পিউটার কৌশল বিভাগ (সিএসই)**

**বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)**

# সূচিপত্র

**১ ভূমিকা.................................................................................................3**

**২ অনলাইন আবেদন পোর্টালে লগইন ব্যতীত ফিচারসমূহ.................................... 4**

**৩ শিক্ষার্থী যেভাবে মডিউলটি ব্যবহার করবে..........................................................6**

৩.১ সাইন আপ অথবা EDU আইডি এর জন্য আবেদন........................................ 6

৩.২ সাইন ইন অথবা লগইন............................................................................ 21

৩.৩ আমার প্রোফাইল..................................................................................... 23

৩.৪ কলেজ অনুসন্ধান......................................................................................27

৩.৫ আবেদন করা...........................................................................................33

৩.৬ নির্বাচন.................................................................................................. 46

৩.৭ পেমেন্টের ইতিহাস....................................................................................53

# ১ ভূমিকা


২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইন আবেদন পোর্টালের মাধ্যমে শিক্ষার্থীরা একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার প্রক্রিয়ায় অংশ গ্রহণ করবে। শিক্ষার্থীরা এস.এস.সি পরীক্ষায় পাশ করার পরে একটি নির্ধারিত সময়ে কলেজ এডমিশন সিস্টেমের মাধ্যমে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার জন্য আবেদন করবে। এক্ষেত্রে শিক্ষার্থীরা বেশ কিছু কলেজের বেশ কিছু শিফট, ভার্সন এবং গ্রুপে তাদের ভর্তি হওয়ার আগ্রহ (choice) প্রকাশ করতে পারে। শিক্ষার্থীদের এস.এস.সি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্ধারিত কিছু নিয়মকানুন অনুযায়ী তাদেরকে মেধামান দেয়া হবে এবং মেধামান অনুযায়ী তাদের choice গুলোকে প্রাধান্য দিয়ে বিভিন্ন কলেজে ভর্তির সুযোগ তৈরি করে দেওয়া হবে।

শিক্ষার্থীর প্রথম পছন্দক্রমের কলেজে যদি আসনগুলো ইতিমধ্যে পূর্ণ হয়ে গিয়ে থাকে, তাহলে তার পরবর্তী পছন্দক্রমগুলো অনুযায়ী তাকে নির্বাচন দেওয়া হবে। এই নির্বাচন প্রক্রিয়াটি তিনটি পর্যায়ে অনুষ্ঠিত হবে। প্রথম পর্যায়ে একজন শিক্ষার্থী যদি কোন কলেজে নির্বাচন না পেয়ে থাকে, তাহলেও পরবর্তী পর্যায়গুলোতে তার নির্বাচন পাওয়ার সুযোগ থাকবে। অন্যদিকে শিক্ষার্থী যদি প্রথম পর্যায়ে কোন একটি কলেজে নির্বাচন পেয়ে থাকে যেটি তার পছন্দক্রমে একটু নিচের দিকে, তারপরও পরবর্তী পর্যায়ে আসন খালি হওয়ার ভিত্তিতে পছন্দক্রমের উপরের দিকের কোন একটি কলেজে তার মাইগ্রেটেড হবার সম্ভবনা থাকে। শিক্ষার্থী চাইলে স্বয়ংক্রিয় মাইগ্রেশন সুবিধাটি বন্ধ করেও রাখতে পারবে।

একটি পর্যায়ের নির্বাচন ফলাফল প্রকাশ হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীকে নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে তার নির্বাচন নিশ্চায়ন করতে হবে। এভাবে নির্বাচন এবং নিশ্চায়নের মাধ্যমে সবগুলো পর্যায় শেষ হয়ে গেলে ছাত্রছাত্রীদেরকে নির্ধারিত সময়ে স্ব স্ব প্রতিষ্ঠানে যোগাযোগ করে ভর্তি হতে হবে।

# ২ অনলাইন আবেদন পোর্টালে লগইন ব্যতীত ফিচারসমূহ

অনলাইন আবেদন পোর্টাল ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd))-এ প্রবেশ করলে প্রথমেই হোম পেইজ বা নীড় পাতা আসবে। হোম পেইজের বাম দিকে বেশ কিছু মেনু দেখা যাবে সেগুলোর মধ্যে রয়েছে নীড় পাতা, ভর্তির নীতিমালা, পূর্ণাঙ্গ নির্দেশিকা, বোর্ড বিজ্ঞপ্তি, ফি প্রদান পদ্ধতি, কলেজ ওভারভিউ এবং আবেদনের হেল্প লাইন। এগুলো নিয়ে নিম্নে আলোচনা করা হল-



- নীড় পাতা: এখানে কিছু নোটিশ এবং লগইন করার অপশন দেখা যাবে।
- নীতিমালাঃ এখানে ভর্তি নীতিমালা ডকুমেন্টটি দেখা যাবে।
- পূর্ণাঙ্গ নির্দেশিকা: এখানে পূর্ণাঙ্গ নির্দেশিকা ডকুমেন্টটি দেখা যাবে।
- ইউজার ম্যানুয়াল: এখানে ইউজার ম্যানুয়াল ডকুমেন্টটি দেখা যাবে।
- ভিডিও টিউটোরিয়াল: এখানে ভিডিও টিউটোরিয়ালগুলোর লিঙ্ক দেখা যাবে।
- বোর্ড বিজ্ঞপ্তি: এখানে বোর্ডের সকল বিজ্ঞপ্তিগুলো দেখা যাবে।
- ফি প্রদান পদ্ধতি: ফ্রি প্রদান পদ্ধতি সংক্রান্ত নির্দেশিকা এখানে দেখা যাবে।
- কলেজ ওভারভিউ: কলেজ ওভারভিউ পেইজ থেকে সাধারণ ব্যবহারকারী যেকোনো কলেজ অনুসন্ধান করে তার আসন সংখ্যা, শিফট, ভার্সন ইত্যাদি তথ্যগুলো দেখতে পারবেন। এখানে বোর্ডের নাম, জেলার নাম, থানার নাম (অপশনাল) নির্বাচন করার পরে কলেজ নির্বাচন করতে হবে।
- আবেদন হেল্প লাইন: এখানে হেল্প লাইনের ফোন নম্বরগুলো থাকবে।


এছাড়াও ভাষা পরিবর্তন (বাংলা বা ইংরেজী) করার জন্য হোমপেজ সহ সকল পেইজেই উপরে ডানদিকে একটি বাটন থাকবে।

# ৩ শিক্ষার্থী যেভাবে মডিউলটি ব্যবহার করবে


একজন শিক্ষার্থী প্রথমে অনলাইন আবেদন পোর্টাল ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) এ সাইন আপ করবে। এরপর লগইন করে তার পছন্দমত কলেজে আবেদন করতে পারবে। সম্পূর্ণ প্রক্রিয়াটি বিস্তারিতভাবে নিম্নে আলোচনা করা হল-

## ৩.১ সাইন আপ অথবা EDU আইডি এর জন্য আবেদন

অনলাইন আবেদন পোর্টালটি ব্যবহার করার জন্য প্রতিটি শিক্ষার্থীকে একটি EDU আইডি তৈরি করতে হবে। অনলাইন আবেদন পোর্টাল এর সাইন আপ link-এ ক্লিক করে EDU আইডি এর জন্য আবেদনের প্রক্রিয়া শুরু করবে। Account তৈরির প্রক্রিয়া নিম্নে বর্ণনা করা হল-




- শিক্ষার্থীর ধরন নির্বাচন করতে হবে।





**বোর্ডের শিক্ষার্থী হলে,**

- “Board Student” অপশনটি নির্বাচন করতে হবে।




● কোন বোর্ড সেটি নির্বাচন করতে হবে।




- পাশের সাল, রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর এবং ক্যাপচা (এই ক্যাপচাটি পরিবর্তন হইতে পারে) পূরণ করে জমা দিন বাটন এ ক্লিক করুন।



- শিক্ষার্থীর বিস্তারিত তথ্যসহ একটি পেইজ আসবে। কোন তথ্যে ভুল থাকলে স্বীয় বোর্ডে যোগাযোগ করতে হবে। বিশেষভাবে যদি লিঙ্গ-সংক্রান্ত তথ্যে ভুল থাকে, সেটি কলেজ নির্বাচন প্রক্রিয়াকে প্রভাবিত করবে। তাই লিঙ্গ-সংক্রান্ত ভুল তথ্য আবেদনের পূর্বেই স্বীয় বোর্ডে যোগাযোগ করে ঠিক করে নেওয়া বাঞ্ছনীয়।
- এখন ধর্ম, মোবাইল নম্বর দিতে হবে এবং মোবাইল নম্বর নিশ্চিত করতে হবে (একাধিক শিক্ষার্থীর আবেদনে একই মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না অর্থাৎ ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর মোবাইল নম্বর ভিন্ন ভিন্ন হতে হবে)।
- জন্ম নিবন্ধন নম্বরটি ঐচ্ছিক (তবে জন্মনিবন্ধন নম্বরটি দেওয়া থাকলে অ্যাকাউন্ট রিকোভারি করার সময় কাজে আসবে)।



## শিক্ষার্থীর বিস্তারিত

* নাম

[redacted]

* পিতার নাম

[redacted]

* মাতার নাম

[redacted]

* লিঙ্গ

[redacted]

* ধর্ম

১ নির্বাচন করুন

* জন্ম তারিখ

[redacted]

* মোবাইল নম্বর

২ 01XXXXXXXXX

* মোবাইল নম্বর নিশ্চিত করুন


৩ 01XXXXXXXXX


জন্ম নিবন্ধন নম্বর

৪

বাতিল করুন জমা দিন ৫


- মোবাইল নম্বর এবং জন্ম নিবন্ধন নম্বর (ঐচ্ছিক) প্রদান করে “জমা দিন” বাটনে ক্লিক করলে EDU আইডি তৈরী হবে এবং একটি অস্থায়ী পাসওয়ার্ড প্রদত্ত মোবাইল নম্বরে প্রেরন করা হবে (নিচের ছবিতে একটি নমুনা EDU আইডি দেখানো হয়েছে)। EDU আইডি এই সিস্টেমের জন্য খুবই গুরুত্বপূর্ণ তাই এটি সংরক্ষণ করতে হবে। এরপর সাইন ইন বাটনে ক্লিক করতে হবে অথবা অনলাইন আবেদন পোর্টাল ([https://xiclassadmission.gov.bd/](https://xiclassadmission.gov.bd/)) এর লগইন বাটনে ক্লিক করতে হবে এবং নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করতে হবে।







**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী হলে,**


- "Bangladesh Open University Student" অপশনটি নির্বাচন করতে হবে।



● পাশের সাল, রোল নম্বর এবং সিজিপিএ পূরণ করে জমা দিন বাটনে ক্লিক করুন।




- শিক্ষার্থীর বিস্তারিত তথ্যসহ একটি পেইজ আসবে। কোন তথ্যে ভুল থাকলে স্বীয় বোর্ডে যোগাযোগ করতে হবে। বিশেষভাবে যদি লিঙ্গ-সংক্রান্ত তথ্যে ভুল থাকে, সেটি কলেজ নির্বাচন প্রক্রিয়াকে প্রভাবিত করবে। তাই লিঙ্গ-সংক্রান্ত ভুল তথ্য আবেদনের পূর্বেই স্বীয় বোর্ডে যোগাযোগ করে ঠিক করে নেওয়া বাঞ্ছনীয়।
- এখন ধর্ম, জন্ম তারিখ, মোবাইল নম্বর দিতে হবে এবং মোবাইল নম্বর নিশ্চিত করতে হবে (একাধিক শিক্ষার্থীর আবেদনে একই মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না অর্থাৎ ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর মোবাইল নম্বর ভিন্ন ভিন্ন হতে হবে)।
- জন্ম নিবন্ধন নম্বরটি ঐচ্ছিক (তবে জন্মনিবন্ধন নম্বরটি দেওয়া থাকলে অ্যাকাউন্ট রিকোভারি করার সময় কাজে আসবে)।
- পরের অংশটি বোর্ড শিক্ষার্থীর মতোই করতে হবে।



শিক্ষার্থীর বিস্তারিত
* নাম
[redacted]
* পিতার নাম
[redacted]
* মাতার নাম
[redacted]
* লিঙ্গ
[redacted]
* ধর্ম
১
নির্বাচন করুন
* জন্ম তারিখ
২
23-05-2024
* মোবাইল নম্বর
৩
01XXXXXXXXX
* মোবাইল নম্বর নিশ্চিত করুন
৪
01XXXXXXXXX
বাতিল করুন
জমা দিন
৫

**EDU আইডি পেয়ে যাবার পর,**


- প্রথমবার সাইন ইন এর জন্য ইউজার নেম হিসাবে EDU আইডি এবং মোবাইল নম্বরে প্রেরিত অস্থায়ী পাসওয়ার্ড কে পাসওয়ার্ড হিসাবে ব্যবহার করে সাইন ইন বাটনে ক্লিক করলে শিক্ষার্থীকে নিজের পছন্দ মত পাসওয়ার্ড সেট করতে বলা হবে।



- প্রথমবার লগইন করার সময় শিক্ষার্থীকে বাধ্যতামূলকভাবে নিজের পছন্দ মত পাসওয়ার্ড সেট করতে হবে। পাসওয়ার্ড প্রদানের সময় ডানপাশের বক্সটিতে যে নিয়ম গুলো আছে সেগুলো অনুসরণ করে পাসওয়ার্ডটি প্রদান করতে হবে। পরবর্তীতে এই পাসওয়ার্ডটি ব্যবহার করে সাইন ইন করতে হবে এবং অস্থায়ী পাসওয়ার্ডটি আর কাজ করবে না।




- সাইন আপ সম্পন্ন হওয়ার পর নিম্নের স্ক্রীনটি দেখা যাবে। পরবর্তী ধাপগুলো অনুচ্ছেদ ৩.২ থেকে অনুসরণ করতে হবে।




## ৩.২ সাইন ইন অথবা লগইন

- সাইন ইন এর জন্য অনলাইন আবেদন পোর্টাল (https://xiclassadmission.gov.bd/) এর লগইন বাটনে ক্লিক করতে হবে।




● ইউজার নেম হিসাবে EDU আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে সাইন ইন বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী ধাপগুলো অনুচ্ছেদ ৩.৩ থেকে অনুসরণ করতে হবে।



## ৩.৩ আমার প্রোফাইল

- সাইন ইন করার পর আমার প্রোফাইল পেইজটি আসবে। আমার প্রোফাইল পেইজটি দেখতে নিম্নের মত হবে। এখানে একজন শিক্ষার্থী তার ব্যক্তিগত তথ্য, এসএসসির তথ্য, আবেদনের অবস্থা, পেমেন্টের অবস্থা, নির্বাচনের অবস্থা ইত্যাদি সব দেখতে পারবে। এছাড়াও সাইডবারে বিভিন্ন মেনু দেখা যাবে, যার মাধ্যমে কলেজ অনুসন্ধান, আবেদন করা ইত্যাদি কাজগুলো করা যাবে।



- আমার প্রোফাইল পেইজটিতে একজন শিক্ষার্থী তার ব্যক্তিগত তথ্যগূলো দেখতে পারবে।

**ব্যক্তিগত তথ্য**

| | |
|---|---|
| EDU আইডি | [redacted] |
| আবেদনকারীর নাম | [redacted] |
| বাবার নাম | [redacted] |
| মায়ের নাম | [redacted] |
| লিঙ্গ | [redacted] |

- এছাড়াও পেইজটিতে সে তার এসএসসির তথ্যগুলো দেখতে পারবে। এখানে, “মেধাক্রম বিজ্ঞান” একজন শিক্ষার্থীর বিজ্ঞান বিভাগের সকল ছাত্রদের মাঝে মেধাক্রম নির্দেশ করে। “মেধাক্রম সকল” একজন শিক্ষার্থীর সকল বিভাগের সকল ছাত্রদের মাঝে সম্মিলিত মেধাক্রম নির্দেশ করে। এই মেধাক্রম তাকে সকল শিক্ষার্থীর মধ্যে তার অবস্থান বুঝতে ও সে অনুযায়ী কলেজ বাছাই করতে সাহায্য করবে।

**এসএসসি তথ্য**

| | |
|---|---|
| রেজিস্ট্রেশন নাম্বার | [redacted] |
| রোল নাম্বার | [redacted] |
| বোর্ড | [redacted] |
| বিভাগ | [redacted] |
| পাশের বছর | [redacted] |
| জিপিএ | [redacted] |
| মেধাক্রম বিজ্ঞান | 36000-37000 |
| মেধাক্রম সকল | 37000-38000 |

- এর পাশাপাশি আমার প্রোফাইল পেইজটিতে একজন শিক্ষার্থী তার আবেদনের অবস্থাও দেখতে পারবে।

# আবেদনের অবস্থা

## আবেদনপত্রের অবস্থা

| | |
|---|---|
| আবেদন জমা দেওয়া হয়েছে | **না** |
| জমাদানের তারিখ | **প্রযোজ্য নয়** |
| আবেদন আপডেটের সংখ্যা | **প্রযোজ্য নয়** |

## পেমেন্টের অবস্থা


| | |
|---|---|
| আবেদন ফি জমা দেওয়া হয়েছে | **প্রযোজ্য নয়** |
| নিশ্চায়ন ফি জমা দেওয়া হয়েছে | **প্রযোজ্য নয়** |

## নির্বাচনের অবস্থা


| | |
|---|---|
| নির্বাচন নিশ্চায়নের সময়সীমা | **প্রযোজ্য নয়** |
| নির্বাচিত কলেজ | **প্রযোজ্য নয়** |

## ৩.৪ কলেজ অনুসন্ধান


- সাইডবার থেকে "কলেজ অনুসন্ধান" মেনুতে ক্লিক করলে আবেদনকারী নিচের মতো একটি পেইজে আসবে। এখানে নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করতে হবে।




- বোর্ডে ক্লিক করলে বোর্ডসমূহের তালিকা দেখা যাবে। সেখান থেকে একটি বোর্ড নির্বাচন করতে হবে। এই উদাহরণে কুমিল্লা বোর্ড নির্বাচন করা হয়েছে।




- জেলাতে ক্লিক করলে নির্বাচিত বোর্ডের অন্তর্গত সকল জেলার তালিকা দেখা যাবে। সেখান থেকে একটি জেলা নির্বাচন করতে হবে।




- থানাতে ক্লিক করলে নির্বাচিত বোর্ডের নির্বাচিত জেলার অন্তর্গত সকল থানার তালিকা দেখা যাবে। সেখান থেকে একটি থানা নির্বাচন করতে হবে। উল্লেখ্য, থানা নির্বাচন করা আবশ্যক নয়, এটি ব্যতিতও আবেদনকারী কলেজের তালিকা দেখতে পাবে।



- কলেজে ক্লিক করলে নির্বাচিত বোর্ডের নির্বাচিত জেলার নির্বাচিত থানার (থানা নির্বাচন না করে থাকলে সেক্ষেত্রে সকল থানার) সব কলেজের তালিকা দেখা যাবে। সেখান থেকে একটি কলেজ নির্বাচন করতে হবে।



- এভাবে কলেজটির বিস্তারিত তথ্য দেখা যাবে।





| # | শিফট | ভার্শন | বিভাগ | ধরণ | সর্বনিম্ন জিপিএ | স্ব প্রতিষ্ঠানে ভর্তির ন্যূনতম জিপিএ | বিশেষ কোটা প্রাপ্যতা | বিশেষ কোটা ন্যূনতম জিপিএ | বরাদ্দযোগ্য আসন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Day | Bangla | Science | Co-Ed. | 1.00 | 0.00 | No | 0.00 | 150 |
| 2 | Day | Bangla | Humanities | Co-Ed. | 1.00 | 0.00 | No | 0.00 | 450 |
| 3 | Day | Bangla | Business Studies | Co-Ed. | 1.00 | 0.00 | No | 0.00 | 300 |


## ৩.৫ আবেদন করা

একজন শিক্ষার্থীকে আবেদন করার জন্য নিচের ধাপসমূহ অনুসরণ করতে হবে।


- সাইডবার থেকে আবেদন মেনুর ভিতরে অবস্থিত "আবেদন ফি জমা দিন" সাব-মেনুতে ক্লিক করতে হবে। পেমেন্ট কিভাবে করতে হবে সেটি “নীড় পাতার” “ফি প্রদান পদ্ধতি” এই ডকুমেন্ট থেকে দেখতে হবে।




- সফলভাবে পেমেন্ট হয়ে গেলে নিচের মেসেজটি দেখা যাবে।




- এরপর বামপাশের মেনুবার থেকে “আবেদন করুন” অপশনটি বাছাই করতে হবে। অথবা “আপনার পেমেন্ট সফলভাবে সম্পন্ন হয়েছে” এই বার্তার নিচে থাকা “আবেদন জমা দিতে এগিয়ে যান” বাটন-এ ক্লিক করতে হবে।




- আবেদন করুন পেইজে বোর্ড, জেলা, থানা নির্বাচন করে (অনুচ্ছেদ ৩.৪) কলেজের তালিকা থেকে কলেজ নির্বাচন করতে হবে।



- কলেজ নির্বাচন করার পর (চিত্রে ১) সেই কলেজের সকল ESVG (E: EIIN , S: Shift, V: Version, G: Group) এর তালিকা দেখা যাবে (চিত্রে ২)। একশন কলামে প্লাস বাটনে ক্লিক করার (চিত্রে ৩) মাধ্যমে একটি ESVG তার পছন্দের তালিকায় যোগ করতে পারবে (পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য)। কোন শিক্ষার্থী যদি কলেজ সংশ্লিষ্ট কোটা (SQ - বিশেষ কোটা, EQ1 - শিক্ষা কোটা (মন্ত্রণালয়) এবং EQ2 - শিক্ষা কোটা (দপ্তর/সংস্থা)) এর উপযুক্ত হয় তাহলে তাকে ঐ ESVG যোগ করার সময় কোটাটি বাছাই করতে হবে। সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে (কলেজ/ মাদ্রাসা) একজন শিক্ষার্থী আবেদন করতে পারবেন।





আবেদন » আবেদন Submit করুন
কোটা নির্বাচন
Freedom Fighter
কলেজ নির্বাচন
বোর্ড
Dhaka
জেলা
Dhaka Mahanagari
থানা
কলেজ
132085 - AHSANIA MISSION COLLEGE
132085 - AHSANIA MISSION COLLEGE এর যেসকল এসভিজি আপনার জন্য প্রযোজ্য
পছন্দের সাথে প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিয়ে কোটা সংযুক্ত করুন
SQ - বিশেষ কোটা | EQ1 - শিক্ষা কোটা (মন্ত্রণালয়) | EQ2 - শিক্ষা কোটা (দপ্তর/সংস্থা)
[redacted]-এর পছন্দকৃত কলেজের তালিকা
ন্যূনতম EIIN নির্বাচন সংখ্যা: 1
সর্বোচ্চ EIIN নির্বাচন সংখ্যা: 30
পছন্দকৃত কলেজ সংখ্যা: 2
[redacted] এর জমা দেওয়া পছন্দকৃত কলেজ তালিকা
SQ - বিশেষ কোটা | EQ1 - শিক্ষা কোটা (মন্ত্রণালয়) | EQ2 - শিক্ষা কোটা (দপ্তর/সংস্থা)
অগ্রাধিকার কলেজের নাম শিফট ভার্শন বিভাগ ধরণ SQ EQ1 EQ2
1 ADAMJEE CANTONMENT COLLEGE Morning Bangla Business Studies Co-Ed.
আবেদন Submit করুন


- এভাবে পছন্দমত সকল ESVG এর তালিকা বাছাই করতে হবে।
- পছন্দক্রম পরিবর্তন করতে চাইলে “আপ এরো”-কি এবং “ডাউন এরো”-কি তে ক্লিক করতে হবে।
- "ক্রস" বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট ESVG টি পছন্দকৃত তালিকা থেকে বাতিল হয়ে যাবে।

[redacted] এর জমা দেওয়া পছন্দকৃত কলেজ তালিকা


SQ - বিশেষ কোটা | EQ1 - শিক্ষা কোটা (মন্ত্রণালয়) | EQ2 - শিক্ষা কোটা (দপ্তর/সংস্থা)


| অগ্রাধিকার | কলেজের নাম | শিফট | ভার্শন | বিভাগ | ধরণ | SQ | EQ1 | EQ2 | ২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | ADAMJEE CANTONMENT COLLEGE | Morning | Bangla | Business Studies | Co-Ed. | ☐ | ☐ | ☐ | |
| 2 | ADAMJEE CANTONMENT COLLEGE | Morning | English | Science | Co-Ed. | ☐ | ☐ | ☐ | ১ |
| 3 | AHSANIA MISSION COLLEGE | Day | Bangla | Business Studies | Co-Ed. | | ☐ | ☐ | |
| 4 | ARAMBAG HIGH SCHOOL AND COLLEGE | Day | Bangla | Science | Co-Ed. | | ☐ | ☐ | ৩ |
| 5 | ARAMBAG HIGH SCHOOL AND COLLEGE | Day | Bangla | Humanities | Co-Ed. | | ☐ | ☐ | |
| 6 | ARAMBAG HIGH SCHOOL AND COLLEGE | Day | Bangla | Business Studies | Co-Ed. | | ☐ | ☐ | |

- শিক্ষার্থীরা অন্যান্য কোন কোটা (মুক্তিযোদ্ধা কোটা) এর জন্য উপর্যুক্ত হইলে কোটা নির্বাচন সেকশন থেকে সেটি বাছাই করতে হবে।




- এরপর "আবেদন Submit করুন" বাটনে ক্লিক করে আবেদনটি জমা দিতে হবে।



- আবেদনকারী প্রয়োজন অনুযায়ী আবেদনটি পরবর্তীতে আপডেট করতে পারবেন (সর্বোচ্চ ৫ বার)। যেমনঃ পছন্দক্রম পরিবর্তন, নতুন কলেজ যোগ করা ইত্যাদি। তারপর "আবেদন আপডেট করুন" বাটনে ক্লিক করলে আবেদনটি পরিমার্জিত হয়ে যাবে।





## [redacted] এর জমা দেওয়া পছন্দকৃত কলেজ তালিকা

SQ - বিশেষ কোটা | EQ1 - শিক্ষা কোটা (মন্ত্রণালয়) | EQ2 - শিক্ষা কোটা (দপ্তর/সংস্থা)


| অগ্রাধিকার | কলেজের নাম | শিফট | ভার্শন | বিভাগ | ধরণ | SQ | EQ1 | EQ2 |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | AHSANIA MISSION COLLEGE | Day | Bangla | Business Studies | Co-Ed. | | ☐ | ☐ |
| 2 | ADAMJEE CANTONMENT COLLEGE | Morning | English | Business Studies | Co-Ed. | ☑ | ☐ | ☐ |
| 3 | ARAMBAG HIGH SCHOOL AND COLLEGE | Day | Bangla | Business Studies | Co-Ed. | | ☐ | ☑ |
| 4 | ARAMBAG HIGH SCHOOL AND COLLEGE | Day | Bangla | Humanities | Co-Ed. | | ☐ | ☐ |
| 5 | ADAMJEE CANTONMENT COLLEGE | Morning | Bangla | Business Studies | Co-Ed. | ☑ | ☐ | ☐ |

আবেদন আপডেট করুন


দৃষ্টি আকর্ষণ
আপনি কি সত্যিই আপনার জমা দেওয়া আবেদন আপডেট করতে চান?
বাতিল করুন
এগিয়ে যান



দৃষ্টি আকর্ষণ
আপনার আবেদন সফলভাবে আপডেট করা হয়েছে..
ঠিক আছে

- এখন আবেদনটি দেখার জন্য "আবেদন দেখুন" বাটনে ক্লিক করতে হবে এবং পিডিএফ ডাউনলোড করার জন্য "পিডিএফ ডাউনলোড করুন" বাটনে ক্লিক করতে হবে।




## ৩.৬ নির্বাচন


- শিক্ষার্থীকে তার নির্বাচন দেখার জন্য সাইডবারে “নির্বাচন” মেনুতে ক্লিক করতে হবে। তাহলে নিম্নপ্রদর্শিত পেইজটি আসবে। চিহ্নিত স্থানে ক্লিক করলে আরও তথ্য দেখা যাবে এর মতো।



- এই পেইজে আবেদনকারী কোন পর্যায়ে কোন কলেজে নিবার্চিত হয়েছে সেটা দেখা যাবে (চিত্রে ১ এ চিহ্নিত)। এখানে কলেজের ইআইএন, শিফট, ভার্শন, বিভাগ, এই কলেজটি তার কোন অগ্রাধিকারে (পছন্দক্রম) ছিল এবং তার নিশ্চায়নের সময়সীমা দেওয়া থাকবে (চিত্রে ২ এ চিহ্নিত)। আবেদনকারী পরবর্তী পর্যায়ে মাইগ্রেশন করতে চান কি না তার জন্য একটি স্লাইডার রয়েছে, এটি স্লাইড করে মাইগ্রেশন অন/অফ করা যাবে (চিত্রে ৩ এ চিহ্নিত)। সর্বোপরি এখানে নির্বাচন নিশ্চিত করার জন্য একটি বাটন থাকবে (চিত্রে ৪ এ চিহ্নিত)। **নিশ্চায়নের সময়সীমার মধ্যে নির্বাচন নিশ্চিত না করলে নির্বাচনটি বাতিল হয়ে যাবে**। এছাড়া এই পেইজে একটি "বিস্তারিত" বাটন রয়েছে, যেটি ক্লিক করলে নিম্নপ্রদর্শিত পেইজটি আসবে যেখানে নির্বাচনটি আরও ব্যাপকভাবে পর্যালোচনা করা সম্ভব।



- এই পেইজে আবেদনকারীর মেধা, কলেজের ই.আই.আই.এন, শিফট, ভার্সন, বিভাগ, এই কলেজটি তার কোন অগ্রাধিকারে ছিল সেসব তথ্য রয়েছে (চিত্রে ১ চিহ্নিত)। এছাড়া রয়েছে তার কোটার তথ্য (চিত্রে ২ চিহ্নিত) । চিত্রে ৩ চিহ্নিত অংশে দেখা যাচ্ছে যে আবেদনকারী তার দ্বিতীয় অগ্রাধিকার অনুযায়ী নির্বাচন পেয়েছেন এবং এক্ষেত্রে এটাও দেখা যাচ্ছে যে তার প্রথম অগ্রাধিকার যেটা ছিল সেখানে সর্বশেষ যেই আবেদনকারী নির্বাচন পেয়েছেন তার মেধাক্রম হলো এক। অথচ এই আবেদনকারীর মেধাক্রম হচ্ছে দুই। এজন্য স্বভাবতই আবেদনকারী তার প্রথম অগ্রাধিকারে নির্বাচন পাননি।


নির্বাচনের বিবরণ

আপনার মেধাক্রম: 2 বিজ্ঞান বিভাগের মেধাতালিকা, 2 সামগ্রিক মেধাতালিকা
নির্বাচিত হয়েছে:
ইআইআইএন: 108459
শিফট: Day
ভার্শন: English
বিভাগ: Science
কোটা: Merit

১

প্রযোজ্য কোটা:
- Merit


২

ⓘ প্রতিটি কোটা কলামে নম্বরটি নির্বাচিত আবেদনকারীদের মধ্যে শেষ মেধাক্রম নির্দেশ করে। N/E "প্রযোজ্য নয়"এবং N/S "কেউই নির্বাচিত হয়নি" নির্দেশ করে


| অগ্রাধিকার | ইআইআইএন | শিফট | ভার্শন | বিভাগ | কোটা GENERAL |
|---|---|---|---|---|---|
| 1 | 103296 | Day | English | Science | 1 |
| 2 | 108459 | Day | English | Science | 2 |

৩ ৪ ৫

- আবেদনকারীকে নিশ্চায়নের শেষ তারিখের ভিতরে অবশ্যই নিবার্চন নিশ্চিত করতে হবে, "নির্বাচন নিশ্চিত করুন" বাটনে ক্লিক করার মাধ্যমে।




- নির্বাচন নিশ্চিত করার প্রক্রিয়া হিসাবে আবেদনকারীকে পেমেন্ট পেইজে নিয়ে যাওয়া হবে, যেখানে তাকে নিশ্চায়ন ফি প্রদান করতে হবে। ফি প্রদানের পদ্ধতি আবেদনের সময় ফি প্রদানের পদ্ধতির অনুরূপ (দেখুন আবেদন করা)। ফি প্রদান শেষে চিত্র: ৪১ এর মতো পেইজ আসবে। এখানে "নির্বাচনে ফিরে যান" বাটনে ক্লিক করতে হবে।



- পরবর্তীতে, দ্বিতীয় পর্যায়ের কার্যক্রমের সময় যদি শিক্ষার্থী মাইগ্রেশন হয়ে অন্য কলেজে চলে যায়, তাহলে সে তার নতুন নির্বাচিত কলেজটি দেখতে পাবে। উভয় পর্যায়ের জন্য এখানে বিস্তারিত বাটন রয়েছে। এই বাটনগুলো ক্লিক করার মাধ্যমে সে প্রথম পর্যায়ের নির্বাচনসহ দ্বিতীয় পর্যায়ে মাইগ্রেশন সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।




পর্যায় 2 A. Monem Mohabidhalay মাইগ্রেটেড
ইআইআইএন: 103296
শিফট: Day
ভার্শন: Bangla
বিভাগ: Humanities
বিস্তারিত
পছন্দের অগ্রাধিকার: 1
নিশ্চায়নের শেষ তারিখ: ১১ সেপ্টেম্বর, ২০২২
আপনি কি পরবর্তী পর্যায়ে অন্য প্রতিষ্ঠানে মাইগ্রেট করতে চান?
আপনি যদি পরবর্তী পর্যায়ে অন্য প্রতিষ্ঠানে স্থানান্তরিত হন তবে আপনি বর্তমান প্রতিষ্ঠানে ফিরে যেতে পারবেন না।
না
হ্যাঁ
আপনি ইতিমধ্যে আপনার নির্বাচন নিশ্চিত করেছেন. যেহেতু আপনি স্বয়ংক্রিয় স্থানান্তরের জন্য বেছে নিয়েছেন, তাই পরবর্তী পর্যায়ে আপনাকে একটি ভিন্ন প্রতিষ্ঠানে স্থানান্তরিত করা হতে পারে।
পর্যায় 1 Abbas Uddin Khan Shohagpur Model College এলোকেটেড
ইআইআইএন: 131980
শিফট: Day
ভার্শন: Bangla
বিভাগ: Humanities
বিস্তারিত
পছন্দের অগ্রাধিকার: 2
নিশ্চায়নের শেষ তারিখ: ১১ সেপ্টেম্বর, ২০২২

## ৩.৭ পেমেন্টের ইতিহাস

সাইডবার হতে “পেমেন্টের ইতিহাস” মেনুতে ক্লিক করলে নিম্নের এর মতো পেইজ আসবে। এখানে প্রতিটি পেমেন্টের লেনদেন নম্বর, পরিশোধিত টাকার পরিমাণ, পেমেন্ট গেটওয়ে ও পেমেন্টের সময় দেখা যাবে।

